



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৩১ জুলাই, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩১ জুলাই, ২০১৯ তারিখ সকাল ১০টায় সিডিকেট সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ডিজিটাল এটেনডেন্স চালুর লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীদের আঙ্গুলের ছাপ ও ছবি সংগ্রহ কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, সরকারের ডিজিটাইজেশন কর্মসূচির অংশ হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ডিজিটাল এটেনডেন্স সিস্টেম চালু করা হবে। এর মাধ্যমে অফিসে কাজের গতি ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে। এ লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করছি।

এসময় কম্পিউটার ও তথ্য কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ রেজা সেলিম, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. এম. জহিরুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক আ.ন.ম জয়নাল অবেদিন, পরীক্ষা নিয়ন্ত্রক মুজিবর রহমান, প্রধান প্রকৌশলী সৈয়দ হাবিবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার